



নং-৫৫.০০.০০০০.১০৬.৯৯.০১০.২০-৮০

তারিখঃ ১০ চৈত্র, ১৪২৭ বঙ্গাব্দ
২৪ মার্চ, ২০২১ খ্রিষ্টাব্দ

পরিপত্র

বিষয়:- ভেটিং বা মতামতের জন্য প্রস্তাব প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, এ বিভাগে ভেটিং বা মতামতের জন্য প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে Rules of Business, 1996 এর Rule 14A এবং সচিবালয় নির্দেশমালা, ২০১৪ এর নির্দেশ নং ১৫৮, ২২৭, ২২৮, ২৪০ ও ২৪১ যথাযথ অনুসরণ না করে এবং কোনো কোনো ক্ষেত্রে পত্র আকারে (in the form of a letter) বা অগ্রায়ণপত্রের (Forwarding letter) সাথে সংযুক্ত করে প্রস্তাব প্রেরণ করা হয়। ফলে প্রয়োজনীয় তথ্য বা কাগজপত্রের অভাবে বিষয় নিষ্পত্তিতে বিলম্ব হয়। অথবা বিলম্ব পরিহারার্থে উল্লিখিত বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ এবং নথিতে উপস্থাপন করে উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নথি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।

২। ভেটিং বা মতামতের জন্য প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে নিম্নরূপ চেকলিস্ট অনুসরণ করতে হবে, যথা:-

(ক) আইন ও অধ্যাদেশ প্রণয়ন/সংশোধনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র:

- (১) প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রীর অনুমোদনসহ মূল নথি;
- (২) মন্ত্রিসভার নীতিগত অনুমোদনের সত্যায়িত কপি;
- (৩) উপযুক্ত কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত / সত্যায়িত মন্ত্রিসভায় উত্থাপিত সার-সংক্ষেপ ও খসড়া বিলের তিনটি কপি;
- (৪) সার-সংক্ষেপে উল্লিখিত সংযুক্ত কাগজাদির সত্যায়িত কপি;
- (৫) বিদ্যমান আইন/অধ্যাদেশ সংশোধনের ক্ষেত্রে প্রস্তাবিত বিধান ও বিদ্যমান বিধানের তুলনামূলক বিবরণী;
- (৬) প্রস্তাবিত আইন/ অধ্যাদেশের সফটকপি;
- (৭) প্রস্তাবিত আইন/অধ্যাদেশের বিষয়বস্তু সম্পর্কে ওয়াকিবহাল সংশ্লিষ্ট কর্মকর্তার নাম, পদবি, দাপ্তরিক ঠিকানা, ফোন, মোবাইল ও ই-মেইল ঠিকানা; এবং
- (৮) প্রস্তাবিত খসড়া বিল/ অধ্যাদেশ এর বিষয়বস্তু সম্পর্কে বর্তমানে সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ/ আপীল বিভাগে বা অন্য কোনো আদালত/ ট্রাইব্যুনালে কোনো মামলা, নিষেধাজ্ঞা, আদালত অবমাননা সংক্রান্ত কোন আদেশ বা রিট মামলা নিষ্পন্নান্বিত রয়েছে কিনা এতদ্বিষয়ক হালনাগাদ (রুল নিশির কপি/ নিষেধাজ্ঞার কপি /আরজি/জবাব/মামলার রায় ইত্যাদিসহ) বিস্তারিত তথ্যাদি।

(খ) বিধি ও প্রবিধান প্রণয়ন/ সংশোধনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র:

- (১) প্রশাসনিক মন্ত্রণালয় / বিভাগের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রীর অনুমোদনসহ মূল নথি;
- (২) স্ব-ব্যখ্যাত সার-সংক্ষেপ;
- (৩) প্রস্তাবিত খসড়া বিধি/ প্রবিধানের সত্যায়িত তিনটি কপি;
- (৪) আনুষঙ্গিক দলিলপত্র ও তথ্যাদি;
- (৫) প্রযোজ্য ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ বিভাগ/ সরকারী কর্ম কমিশন/ প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি/ জাতীয় রাজস্ব বোর্ড এর মতামত/ সরকারী আদেশপত্র (জি.ও) এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় /বিভাগ/কমিশন/সংস্থার মতামত/সম্মতি;
- (৬) প্রাক-প্রকাশনা হয়ে থাকলে সে-সংক্রান্ত কাগজপত্র;
- (৭) প্রযোজ্য ক্ষেত্রে তুলনামূলক বিবরণী;
- (৮) প্রস্তাবিত বিধি/ প্রবিধানের সফটকপি;
- (৯) প্রস্তাবিত বিধি/ প্রবিধানের বিষয়বস্তু সম্পর্কে ওয়াকিবহাল সংশ্লিষ্ট কর্মকর্তার নাম, পদবি, দাপ্তরিক ঠিকানা, ফোন, মোবাইল ও ই-মেইল ঠিকানা; এবং

(১০) প্রস্তাবিত খসড়া বিধি/ প্রবিধান এর বিষয়বস্তু সম্পর্কে বর্তমানে সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ/ আপীল বিভাগে বা অন্য কোনো আদালত/ ট্রাইব্যুনালে কোনো মামলা, নিষেধাজ্ঞা, আদালত অবমাননা সংক্রান্ত কোন আদেশ বা রিট মামলা নিষ্পত্তাধীন রয়েছে কিনা এতদ্বিষয়ক হালনাগাদ ((বুল নিশির কপি/ নিষেধাজ্ঞার কপি /আরজি/জবাব/মামলার রায় ইত্যাদিসহ) বিস্তারিত তথ্যাদি।

(গ) চুক্তি ও সমঝোতা স্মারক এর জন্য প্রয়োজনীয় কাগজপত্র:

- (১) প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রীর অনুমোদনসহ মূল নথি;
- (২) স্ব-ব্যাখ্যাত সার-সংক্ষেপ;
- (৩) আনুষঙ্গিক দলিলপত্র ও প্রয়োজনীয় তথ্যাদি (যেমনঃ ঋণচুক্তি বা অনুরূপ অন্যান্য চুক্তির ক্ষেত্রে দাতা সংস্থার General Conditions এবং দেশে বা বিদেশে নেগোসিয়েশন হয়ে থাকলে উহার কপি);
- (৪) প্রযোজ্য ক্ষেত্রে কনভেনশন, প্রটোকল ও ট্রিটির কপি;
- (৫) প্রযোজ্য ক্ষেত্রে বিশেষজ্ঞ মতামতের সত্যায়িত কপি;
- (৬) প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/ বিভাগের মতামতের সত্যায়িত কপি;
- (৭) প্রস্তাবিত খসড়া চুক্তির/ সমঝোতা স্মারকের সফটকপি; এবং
- (৮) প্রস্তাবিত চুক্তির বিষয়বস্তু সম্পর্কে ওয়াকিবহাল সংশ্লিষ্ট কর্মকর্তার নাম, পদবি, দাপ্তরিক ঠিকানা, ফোন, মোবাইল ও ই-মেইল ঠিকানা; এবং
- (৯) প্রস্তাবিত খসড়া চুক্তি, সমঝোতা স্মারক, কনভেনশন, প্রটোকল বা ট্রিটির বিষয়বস্তু সম্পর্কে বর্তমানে সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ/ আপীল বিভাগে বা অন্য কোনো আদালত/ ট্রাইব্যুনালে কোনো মামলা, নিষেধাজ্ঞা, আদালত অবমাননা সংক্রান্ত কোন আদেশ বা রিট মামলা নিষ্পত্তাধীন রয়েছে কিনা এতদ্বিষয়ক হালনাগাদ (বুল নিশির কপি/ নিষেধাজ্ঞার কপি/আরজি/জবাব/মামলার রায় ইত্যাদিসহ) বিস্তারিত তথ্যাদি।

(ঘ) প্রজ্ঞাপন, আদেশ, নীতিমালা ও আইনের মর্যাদা সম্পন্ন অন্যান্য দলিলের (গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান এর অনুচ্ছেদ ১৫২ এ উল্লিখিত আইন এর সংজ্ঞা দ্রষ্টব্য) জন্য প্রয়োজনীয় কাগজপত্র:


- (১) প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রীর অনুমোদনসহ মূল নথি;
- (২) স্ব-ব্যাখ্যাত সার-সংক্ষেপ;
- (৩) প্রস্তাবিত খসড়া প্রজ্ঞাপন, আদেশ, নীতিমালা বা আইনের মর্যাদা সম্পন্ন অন্যান্য দলিলের সত্যায়িত তিনটি কপি;
- (৪) বিদ্যমান প্রজ্ঞাপন, আদেশ অন্যান্য দলিলের গেজেট কপি (ফটোকপির ক্ষেত্রে পূর্ণাঙ্গ গেজেটের ফটোকপি সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে);
- (৫) আনুষঙ্গিক প্রয়োজনীয় তথ্য ও কাগজাদি;
- (৬) প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/ বিভাগের মতামত/ জি.ও.-র সত্যায়িত কপি; এবং
- (৭) প্রস্তাবিত প্রজ্ঞাপন/ আদেশের বিষয়বস্তু সম্পর্কে ওয়াকিবহাল সংশ্লিষ্ট কর্মকর্তার নাম, পদবি, দাপ্তরিক ঠিকানা, ফোন, মোবাইল, ও ই-মেইল ঠিকানা; এবং
- (৮) প্রস্তাবিত খসড়া প্রজ্ঞাপন, আদেশ, নীতিমালা ও আইনের মর্যাদা সম্পন্ন অন্যান্য দলিল এর বিষয়বস্তু সম্পর্কে বর্তমানে সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ/ আপীল বিভাগে বা অন্য কোনো আদালত/ ট্রাইব্যুনালে কোনো মামলা, নিষেধাজ্ঞা, আদালত অবমাননা সংক্রান্ত কোন আদেশ বা রিট মামলা নিষ্পত্তাধীন রয়েছে কিনা এতদ্বিষয়ক হালনাগাদ ((বুল নিশির কপি/ নিষেধাজ্ঞার কপি/ আরজি/জবাব/মামলার রায় ইত্যাদিসহ) বিস্তারিত তথ্যাদি।

৩। উপর্যুক্ত ক্রমিক নং ২ এর দফা (ক), (খ), (গ) এবং (ঘ)-তে বর্ণিত সকল প্রস্তাবের Soft Copy Unicode এর Mikosh font এ পাঠাতে হবে।

28/06/2020
(ড. মোহাম্মদ মহিউদ্দীন)
যুগ্মসচিব (প্রশাসন-২)
ফোন: ৯৫৭০৬৫৩।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব/সচিব,----- মন্ত্রণালয়/বিভাগ (সকল) (তঁর আওতাধীন সকল অধিদপ্তর/ সংস্থা/দপ্তর/ প্রতিষ্ঠানকে অবহিত করার অনুরোধসহ)।
৪. যুগ্মসচিব (ড্রাফটিং) (সকল)/যুগ্মসচিব (লেজিসলেটিভ অনুবাদ)/যুগ্মসচিব (বাজেট)/উপসচিব (ড্রাফটিং) (সকল)/উপসচিব (লেজিসলেটিভ অনুবাদ) (সকল)/উপসচিব/সিনিয়র সহকারী সচিব (ড্রাফটিং) (সকল)/ সিনিয়র সহকারী সচিব (লেজিসলেটিভ অনুবাদ)/প্রোগ্রামার/সহকারী সচিব (ড্রাফটিং) (সকল)/সহকারী সচিব (লেজিসলেটিভ অনুবাদ) (সকল)/ সহকারী সচিব (সকল)/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/সহকারী প্রোগ্রামার, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৬. সিস্টেম এনালিস্ট, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ (পরিপত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধ সহ)।
৮. সচিবের একান্ত সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
৯. অফিস কপি।


(মোঃ মুনীরুজ্জামান)
উপসচিব (প্রশাসন-২)
ফোনঃ ৯৫৭০৬৫২।